দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

0 6 AUG 1989
তারিখ ... ... ... ...
পৃষ্ঠা 1 ... কলাম 8 ...

২৮

027

0 6 AUG 1989



রমনা রেলওয়ে স্কুলের অনশনরত একজন ছাত্র গতকাল অসুস্থ হয়ে পড়লে তার শুশ্রূষা করা হচ্ছে। —সংবাদ

### রমনা রেলওয়ে স্কুল

## ছাত্র-শিক্ষকদের অনশন চলছে

রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের অনশনরত ছাত্র-ছাত্রী শিক্ষক-শিক্ষিকা, কর্মচারী ও অভিভাবকদের আমরণ অনশন অব্যাহত রয়েছে। গত ১লা আগষ্ট থেকে এই আমরণ অনশন চলছে।

গতকাল বিকেল থেকে বিদ্যালয়ের সহকারী শিক্ষক মনিশংকর হালদার গুরতর অসুস্থ হয়ে পড়েন। সহকারী প্রধান শিক্ষক মোঃ নূরুল ইসলাম ও সহকারী শিক্ষক সুলতান আহম্মদ হাওলাদারের অবস্থাও গুরুতর। তারা কেউই হাসপাতালে যেতে রাজী হননি।

গতকাল আমরণ অনশনে তিনজন ছাত্র গুরুতর অসুস্থ হওয়ায় তাদের ঢাকা মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে। আমরণ অনশনের সমর্থনে বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ অনশনরত ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, কর্মচারী ও অভিভাবকদের সাথে একাত্মতা ঘোষণা করে অবিলম্বে অনশনকারীদের ন্যায়সঙ্গত দাবী মেনে নেয়ার জোর দাবী জানান। খবর সংবাদ বিজ্ঞপ্তির।